

# দেশ-বিদেশ ওয়েব লাইফ-লাইন-১

১। অত্যন্ত প্রয়োজনীয় কিছু জাপানী ভাষা অবশ্যই শিখুন। জরুরী সময়ে ছোট ছোট কিছু জাপানী বাক্য অনেক কাজে আসবে। ("...যে দেশে থাকবেন সে দেশের ভাষা অবশ্যই শিখবেন..."--২০১০ সালে টোকিওতে জাপান প্রবাসী বাংলাদেশীদের সম্বর্ধনা সভায় বাংলাদেশের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। )

২। জরুরী সময়ের জন্য প্রয়োজনীয় জিনিসের একটা ব্যাগ প্রস্তুত রাখুন। এতে রাখতে পারেন টর্চ লাইট, রেডিও, পাসপোর্ট, জরুরী ওষুধসহ প্রয়োজনীয় জিনিস। তবে ব্যাগটা বেশি ভারী করবেন না।

৩। টিভি কিংবা মোবাইল ফোন জরুরী ভূমিকম্প সতর্কীকরণ সিস্টেমের (জাপানী ভাষায়ঃ কিনকিযু জিশিন সোকুহোউ) মাধ্যমে সতর্কীকরণ বার্তা দেবার সাথে সাথে ভূমিকম্পের জন্য সতর্ক হোন। সতর্কীকরণ বার্তা দেবার পর কয়েকবার খুব বেশি মাত্রার ভূমিকম্প না হলেও একবার দেখবেন ঠিকই বড় মাত্রার ভূমিকম্প হয়েছে। সুতরাং সতর্ক হওয়াটাই ভালো।

**ভূমিকম্প শুরু হলেঃ**

১। শক্তিশালী ভূমিকম্প হলে মাথায় জিনিসপত্র পড়ে আঘাত লাগতে পারে। তাই শক্ত ডেস্ক কিংবা টেবিলের নীচে আশ্রয় নিবেন। ডেস্ক কিংবা টেবিল না থাকলে হেলমেট, বালিশ কিংবা চেয়ারের কুশন মাথায় দিবেন।

২। দরজা কিংবা জানালা খুলে রেখে ঘর থেকে বের হবার পথ নিশ্চিত করবেন। শক্তিশালী ভূমিকম্প হলে দরজা-জানালা বাঁকা হয়ে গিয়ে ঘর থেকে বের হবার পথ বন্ধ হয়ে যেতে পারে।

৩। তাড়াছড়ো করে ঘর থেকে বের হবার চেষ্টা করবেন না কারণ উপর থেকে ভাঙা গ্লাসসহ অন্যান্য জিনিস পড়ে আহত হবার সম্ভাবনা আছে।

৪। ঘর থেকে বের হবার সময় অবশ্যই পায়ে জুতা দিয়ে বের হবেন। বাইরে ভাঙা গ্লাসসহ অন্যান্য জিনিস পড়ে থাকার সম্ভাবনা আছে।

৫। ঘর থেকে বের হবার আগে গ্যাস এবং বিদ্যুতের ব্রেকার বন্ধ করে বের হবেন। সাথে জরুরী সময়ের প্রয়োজনীয় জিনিসের ব্যাগটা নিবেন।

৬। রেডিও-টিভির মাধ্যমে সঠিক তথ্য জানবেন। প্রয়োজনে প্রতিবেশীদের সাথে পরামর্শ করবেন। কোন গুজবে কান দিবেন না।

**সুনামির সতর্কতা থাকলেঃ**

রেডিও-টিভিতে সুনামির সতর্কীকরণ বার্তা দেবার সাথে সাথে উচু নিরাপদ আশ্রয়ে চলে যাবেন। মনে রাখবেন যে, সুনামির গতিবেগ ৫০০কিলোমিটার/ঘন্টা এবং উচ্চতা ৩৮ মিটার

পর্যন্ত হতে পারে। এখানে উল্লেখ্য যে, মানুষের হাঁটার গতিবেগ ৪ কিলোমিটার/ঘন্টা, বাইকেলের গতিবেগ ২০ কিলোমিটার/ঘন্টা, গাড়ীর গতিবেগ ১০০ কিলোমিটার/ঘন্টা এবং বুলেট ট্রেনের (নোজোমি শিনকানসেন) গতিবেগ ২৭০ কিলোমিটার/ঘন্টা।

## দেশ-বিদেশ ওয়েব লাইফ-লাইন-২

১। রেডিও, টিভি কিংবা মোবাইল ফোন 'ভূমিকম্পের আগাম সতর্কীকরণ' বার্তা ([Earthquake Early Warning](#), জাপানী ভাষায়ঃ কিনকিয়ু জিশিন সোকুহোউ) দেবার সাথে সাথে ভূমিকম্পের জন্য সতর্ক হোন।

২। 'ভূমিকম্পের আগাম সতর্কীকরণ' বার্তা দেবার সাথে সাথে [আপনার করনীয় বিষয়](#) জানতে জাপান আবহাওয়া-বিষয়ক এজেন্সীর লিফলেট দেখুন (এখানে ক্লিক করুন)।

৩। ভূমিকম্পের আগাম সতর্কীকরণঃ টিভি, রেডিও ও বেশ কিছু মোবাইল ফোন সেট [বিস্তারিত](#)। আপনার মোবাইলে সম্ভব কিনা জানতে আপনার মোবাইল অপারেটরের সাথে যোগাযোগ করুন।

**Disclaimer: Use the above information at your own risk for preparation of emergency.**